দৈনিক ইত্তেফাক

134

তারিখ ... ... MAR 08 2000 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬-৭ ...

এসএসসি'র পঞ্চম দিন

# নকলের ঘটনা তুলনামূলকভাবে কম

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (মঙ্গলবার) এসএসসি পরীক্ষার ৫ম দিনে নকলের ঘটনা তুলনামূলকভাবে কম ঘটিয়াছে। সিরাজগঞ্জের শাহজাদপুরে পাইলট হাইস্কুল কেন্দ্র ও সরকারী কলেজ কেন্দ্র বাতিল করা হইয়াছে। এখানকার পরীক্ষার্থীদের পরীক্ষা আজ হইতে সিরাজগঞ্জ সরকারী কলেজে হইবে। চকোরিয়ার একটি পরীক্ষা কেন্দ্রে দাখিল পরীক্ষা চলাকালে একজন ভুয়া পরীক্ষার্থীকে গ্রেফতার করা হইয়াছে। বরিশালের বাবুগঞ্জে থানপুর দাখিল মাদ্রাসা কেন্দ্রে আখি নামে পরীক্ষার্থিনীকে

(১৫শ পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## এসএসসি

(শেষ পৃষ্ঠার পর)

বহিষ্কার করায় টিএনও সশস্ত্র হামলার সম্মুখীন হন। গতকাল সকাল-বিকাল দুই বেলা পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। ফলে রাত সাড়ে ৮টায়ও কোন বোর্ডই পরীক্ষা সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য প্রদান করিতে পারে নাই।